**আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ**

**বাংলাদেশ ব্যাংক**

**প্রধান কার্যালয়**

**ঢাকা।**

***Website: www.bb.org.bd***

ডিএফআইএম সার্কুলার নং-০১

তারিখ ঃ ২৮ মার্চ ২০১৯ / ১৪ চৈত্র ১৪২৫

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**আর্থিক প্রতিষ্ঠানে চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে বয়স ও নিয়মিত কর্মকর্তা/কর্মচারীদের অবসর গ্রহণের বয়সসীমা নির্ধারণ প্রসঙ্গে।**

আর্থিক প্রতিষ্ঠানের চুক্তিভিত্তিক কর্মকর্তা/কর্মচারীদের বয়স এবং নিয়মিত কর্মকর্তা/কর্মচারীদের অবসর গ্রহণের বয়সসীমা নির্ধারণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা দেয়া যাচ্ছেঃ

১। আর্থিক প্রতিষ্ঠানে ৬৫(পঁয়ষট্টি) বছর অতিক্রান্ত কোন ব্যক্তি চুক্তিভিত্তিক পদে নিয়োজিত বা বহাল থাকতে পারবেন না। তবে, পরামর্শক ও উপদেষ্টা পদে বিশেষ প্রয়োজনে ৬৫(পঁয়ষট্টি) বছর উর্দ্ধের কোন ব্যক্তিকে চুক্তিভিত্তিক নিয়োগ অথবা বহাল রাখা যাবে;

২। নিয়মিত কর্মকর্তা/কর্মচারীদের অবসর গ্রহণের বয়সসীমা নির্ধারণের ক্ষেত্রে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিয়মিত কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রযোজ্য অবসরের বয়স বিষয়ক বিধি-বিধানের সাথে সামঞ্জস্য রেখে অন্যান্য সকল আর্থিক প্রতিষ্ঠান তাদের নিয়মিত কর্মকর্তা/কর্মচারীদের অবসর গ্রহণের বয়স সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ সহিদুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০১৭৮